



ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি

অস্থায়ী কার্যালয়: ইউজিসি ভবন, প্লট# ই-১৮/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নং- ০৫(৫০৩)ডিসিইউ/রেজিঃ/একাঃ/অনার্স ভর্তি/২০২৬/১/৭৭

তারিখঃ ২৪/০৫/২০২৬

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির সংযুক্ত সরকারি ০৭ কলেজে (ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজ) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে কলা, বিজ্ঞান, সমাজবিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত বিভিন্ন বিভাগে ৪ (চার) বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত শর্তসমূহ পূরণপূর্বক আগামী ১০/০৬/২০২৬ তারিখ দুপুর ১২:০০টা থেকে ২০/০৬/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত www.dcu.ac.bd ওয়েবসাইটে আবেদন করতে হবে। শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ৮০০.০০ (আটশত) টাকা জমা দিতে হবে (পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে)। ভর্তিচ্ছুরা নিম্নবর্ণিত ৩ (তিন) টি ইউনিটে আবেদন করতে পারবে। আবেদনের যোগ্যতাসহ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ইউনিটভিত্তিক ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে।

ইউনিট	ভর্তির বিভাগ
কলা ও সমাজবিজ্ঞান	কলা ও সমাজবিজ্ঞান ইউনিটভুক্ত সকল বিভাগ
বিজ্ঞান	বিজ্ঞান ইউনিটভুক্ত সকল বিভাগ
ব্যবসায় শিক্ষা	ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত সকল বিভাগ

বিঃ দ্রঃ

- ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
- ভর্তি সম্পর্কিত তথ্যাবলি ও আসন সংখ্যা ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ০৫/০৭/২০২৬ তারিখ হতে পরীক্ষার প্রবেশপত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
- কলা ও সমাজবিজ্ঞান ইউনিটের পরীক্ষার আসন বিন্যাস ০৮/০৭/২০২৬ তারিখ থেকে এবং বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ইউনিটের আসন বিন্যাস ১৪/০৭/২০২৬ তারিখ থেকে ওয়েবসাইটে পাওয়া যাবে।


২৪/০৫/২০২৬

মোঃ শহীদুর রহমান
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি, ঢাকা